বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

নির্বাহী প্রকৌশলীর দপ্তর

পাবনা পানি উন্নয়ন বিভাগ

চক-ছাতিয়ানী, পাবনা।
ফোন নম্বর-০২৫৮৮৮৪৫৮১৬
e-mail: xenbwdbpabna@gmail.com, web: www.bwdb.gov.bd

স্মারক নং: টি-৩/১০২৯ তারিখ: ২১-০৫-২০২৬ খ্রি.

বালি/মাটি নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পাবনা পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, পাবনা কর্তৃক বাস্তবায়নাধীন পাবনা জেলার পাবনা সদর ও আটঘরিয়া উপজেলার শংকরপুর খালের খননকৃত বালি/মাটি জেলা ড্রেজিং ও ড্রেজড ম্যাটেরিয়াল ব্যবস্থাপনা ও মনিটরিং কমিটি'র মাধ্যমে শর্ত সাপেক্ষে নিলাম বিক্রয়ের নিমিত্ত উপযুক্ত দরদাতাগণের নিকট হতে নির্ধারিত ফরমে দরপত্র আবেদন আহবান করা হচ্ছে। আবেদন ফরম জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা; নির্বাহী প্রকৌশলী, পাবনা পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, পাবনা ও উপজেলা নির্বাহী অফিসার, পাবনা সদর, পাবনা এর কার্যালয় হতে অফিস চলাকালীন সময়ে দরপত্র ফরম সংগ্রহ করা যাবে এবং উক্ত কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে নির্ধারিত তারিখ ও নির্ধারিত সময়ের মধ্যে দাখিল করা যাবে। নির্ধারিত সময় অতিক্রান্ত হলে কোন দরপত্র গ্রহন করা হবে না।
এখানে উল্লেখ্য যে, ১ম দফায় প্রয়োজনীয় সংখ্যক বৈধ দরপত্র/আবেদনপত্র পাওয়া না গেলে ২য় ও ৩য় দফায় বর্ণিত তারিখ ও সময় অনুযায়ী দরপত্র বিজ্ঞপ্তি পর্যায়ক্রমে কার্যকর থাকবে।

প্যাকেজ সমূহের তথ্যাদি

ক্রঃ নং	প্যাকেজের নাম	কাজের নাম	সম্ভাব্য বালি/মাটির পরিমাণ (ঘনমিটার)
১	বালি/মাটি নিলাম/শংকরপুর-০১/২০২৬	পাবনা জেলার পাবনা সদর ও আটঘরিয়া উপজেলার শংকরপুর খালের কিঃমিঃ ৯.৫৪৭ হতে কিঃমিঃ ১১.১৭৫ পর্যন্ত = ১.৬২৮ কিঃমিঃ পর্যন্ত উত্তোলিত বালি/মাটি নিলামকরণ (খালের উভয় পাশে)।	৩১,২৮২.০২ ঘনমিটার
২	বালি/মাটি নিলাম/শংকরপুর-০২/২০২৬	পাবনা জেলার পাবনা সদর ও আটঘরিয়া উপজেলার শংকরপুর খালের কিঃমিঃ ৭.৬৩৫ হতে কিঃমিঃ ৯.৫৪৭ পর্যন্ত = ১.৯১২ কিঃমিঃ পর্যন্ত উত্তোলিত বালি/মাটি নিলামকরণ (খালের উভয় পাশে)।	৪৬,৫৩২.৬৫ ঘনমিটার

দরপত্র বিক্রয় ও দাখিলের সময়সূচি

বিবরণ	দরপত্র বিক্রয়ের তারিখ ও সময়	দরপত্র দাখিলের তারিখ ও সময়	দরপত্র বাক্স খোলার তারিখ ও সময়	মন্তব্য
১ম বার	২৩-০৫-২০২৬ খ্রি. হতে ০৮-০৬-২০২৬ খ্রি. পর্যন্ত (সকাল ৯:০০ ঘটিকা থেকে বিকাল ৪:০০ ঘটিকা পর্যন্ত)	০৯-০৬-২০২৬ খ্রি. ১:০০ ঘটিকা পর্যন্ত।	০৯-০৬-২০২৬ খ্রি. ৩:০০ ঘটিকা।	
২য় বার	১০-০৬-২০২৬ খ্রি. হতে ২৪-০৬-২০২৬ খ্রি. পর্যন্ত (সকাল ৯:০০ ঘটিকা থেকে বিকাল ৪:০০ ঘটিকা পর্যন্ত)	২৫-০৬-২০২৬ খ্রি. ১:০০ ঘটিকা পর্যন্ত।	২৫-০৬-২০২৬ খ্রি. ৩:০০ ঘটিকা।	
৩য় বার	২৮-০৬-২০২৬ খ্রি. হতে ১৩-০৭-২০২৬ খ্রি. পর্যন্ত (সকাল ৯:০০ ঘটিকা থেকে বিকাল ৪:০০ ঘটিকা পর্যন্ত)	১৪-০৭-২০২৬ খ্রি. ১:০০ ঘটিকা পর্যন্ত।	১৪-০৭-২০২৬ খ্রি. ৩:০০ ঘটিকা।	

শর্তাবলীঃ

০১। কোড নং-১-৪৬৩১-০০০০-১২৬৩ তে ফি বাবদ চালান মূল্য ১,০০০/- (এক হাজার) টাকা (প্রতিটি প্যাকেজের জন্য আলাদা দরপত্র ক্রয় করতে হবে) জমা প্রদান করে চালান কপি দাখিল করে দরপত্র ফরম সংগ্রহ করা যাবে (কোন ক্রমেই ফটোকপি গ্রহণযোগ্য হবে না)।

০২। দরপত্রের সাথে যে কোন তফসিলি ব্যাংক হতে জামানত/অগ্রিম বাবদ প্রদত্ত মূল্যের ২৫% অর্থ হিসাবরক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, পাবনা বরাবরে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারে এর মাধ্যমে দাখিল করতে হবে।

০৩। বালি/মাটি দর অনুমোদনের পর ০৭ (সাত) কার্য দিবসের মধ্যে বালি/মাটির মূল্য বাবদ অবশিষ্ট ৭৫%, ১৫% ভ্যাট ও ১০% আয়করের অর্থ হিসাবরক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, পাবনা বরাবরে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারে এর মাধ্যমে পরিশোধ করতে হবে। বালি/মাটির মূল্য কোনভাবেই কিস্তিতে পরিশোধ করা যাবে না। নির্ধারিত সময় অতিক্রান্ত হলে জেলা ড্রেজিং ও ড্রেজড ম্যাটেরিয়াল ব্যবস্থাপনা ও মনিটরিং কমিটির সিদ্ধান্ত মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৪। সংশ্লিষ্ট প্যাকেজের খননকৃত বালি/মাটির মূল্য পরিশোধের পর ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে (নিজ খরচে) চুক্তিনামা সম্পাদন করতে হবে। অত:পর বালি/মাটি দখল বুঝিয়ে দেয়া হবে। বালি/মাটি বুঝিয়ে দেওয়ার পর পরবর্তীতে বালি/মাটি এর পরিমাণ কম/বেশি হলে/পেলে তার জন্য কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

০৫। সংশ্লিষ্ট প্যাকেজের খননকৃত বালি/মাটি ব্যতিত অন্য কোন স্থান হতে বালি/মাটি সংগ্রহ করা যাবে না এবং মাঠে বিদ্যমান কৃষি জমি অপরিবর্তীত রেখে বালি/মাটি সংগ্রহ করতে হবে। বালি/মাটি সংগ্রহের ফলে খালের গতিপথ বন্ধ হয়ে যায় এমনভাবে বালি/মাটি সংগ্রহ করা যাবে না। খালের দুইপাড়ের স্লোপ/ঢালের কোনরুপ ক্ষতি করা যাবে না।

০৬। বালি/মাটি পরিবহনের কারণে জনগণের চলাচলের রাস্তাঘাট, সরকারী-বেসরকারী স্থাপনা ক্ষতিগ্রস্থ হলে নিলাম ডাককারীকে নিজ খরচে মেরামত করতে হবে।

০৭। দরপত্র ফরম পূরণে কোন তথ্য মিথ্যা প্রমাণিত হলে বা ঘষা-মাজা করলে দরপত্র বাতিল বলে গণ্য হবে।

০৮। উল্লিখিত শর্তাবলী ভঙ্গ করলে নিলামচুক্তি বাতিলসহ 'বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা আইন' ২০১০ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৯। খামের উপর প্যাকেজের নাম ও কাজের নাম স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে।

১০। নিলামে অংশগ্রহণকারী ব্যক্তি/প্রতিষ্ঠানকে পূরণকৃত সিডিউলের সাথে NID ও TIN (যদি থাকে) প্রদান করতে হবে।

১১। কার্যাদেশ প্রাপ্তির পর উল্লেখিত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে নির্ধারিত সময়ের মধ্যে আবেদনকারীকে নিজস্ব অর্থায়নে বালি/মাটি অপসরাণ করতে হবে।

১২। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেখে দাখিলকৃত যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৩। দরপত্র প্রাপ্তি ও জমাদানের স্থান সমূহঃ নির্বাহী প্রকৌশলী, পাবনা পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, পাবনা; রেভিনিউ ডেপুটি কালেক্টর, জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা ও উপজেলা নির্বাহী অফিসার, পাবনা সদর, পাবনা।

১৪। সরেজমিনে পরিদর্শন পূর্বক দরপত্র জমাদনের জন্য অনুরোধ করা হলো। পরবর্তীতে বালি/মাটির পরিমান কম বা বেশি হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

Mahabub
২১/০৫/২০২৬

(মোঃ মাহবুব আলম)
নির্বাহী প্রকৌশলী
পাবনা পানি উন্নয়ন বিভাগ
বাপাউবো, পাবনা
ও
সদস্য-সচিব
জেলা ড্রেজিং ও ড্রেজড ম্যাটেরিয়াল ব্যবস্থাপনা ও মনিটরিং কমিটি

স্মারক নং: টি-৩/১০২৯/১(৩০) তারিখ: ২১-০৫-২০২৬ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। প্রধান প্রকৌশলী, উত্তর-পশ্চিমাঞ্চল, বাপাউবো, সপুরা, রাজশাহী।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পাবনা পানি সার্কেল, বাপাউবো, পাবনা ।
৩। পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। (উক্ত নিলাম বিজ্ঞপ্তিটি বহুল প্রচারিত ২টি জাতীয় ও ২টি স্থানীয় পাবনার দৈনিক পত্রিকায় প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)
৪। জেলা প্রশাসক ও সভাপতি, জেলা ড্রেজিং ও ড্রেজড ম্যাটেরিয়াল ব্যবস্থাপনা ও মনিটরিং কমিটি, পাবনা ।
৫। পুলিশ সুপার, পাবনা।
৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, পাবনা।
৭। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা।
৮। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, পাবনা।
০৯। বিভাগীয় বন কর্মকর্তা, পাবনা।
১০। জেলা মৎস্য কর্মকর্তা, পাবনা।
১১। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, পাবনা।
১২। নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, পাবনা।
১৩। নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, বেড়া,পাবনা।
১৪। নির্বাহী প্রকৌশলী, জেলা পরিষদ, পাবনা।
১৫। নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, পাবনা।
১৬। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, পাবনা ।
১৭। নির্বাহী প্রকৌশলী, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, পাবনা।
১৮। জেলা তথ্য অফিসার, পাবনা (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
১৯। রেভিনিউ ডেপুটি কালেক্টর, জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা।
২০। উপজেলা নির্বাহী অফিসার, পাবনা সদর/আটঘরিয়া, পাবনা।
২১। মেয়র, পাবনা পৌরসভা, পাবনা।
২২। উপজেলা চেয়ারম্যান, পাবনা।
২৩। উপ-বিভাগীয় প্রকৌশলী, পাবনা/কাশিনাথপুর/ডেমরা পানি উন্নয়ন উপ-বিভাগ, বাপাউবো, পাবনা।
২৪। সহকারী পরিচালক, পরিবেশ অধিদপ্তর, পাবনা।
২৫। সহকারী প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা (বিজ্ঞপ্তিটি পাবনা জেলা এর ওয়েব পোর্টালে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
২৬। সহকারী প্রকৌশলী, পাবনা পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, পাবনা (বিজ্ঞপ্তিটি বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, পাবনা এর ওয়েব পোর্টালে প্রচারের জন্য বলা হলো)
২৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা, পাবনা সদর থানা/আটঘরিয়া, পাবনা।
২৮। প্রেস ক্লাব, পাবনা।
২৯। চেয়ারম্যান, ... ইউনিয়ন পরিষদ, পাবনা।
৩০। দপ্তর কপি।

Mahabub
২১/০৫/২০২৬

নির্বাহী প্রকৌশলী
ও
সদস্য-সচিব
জেলা ড্রেজিং ও ড্রেজড ম্যাটেরিয়াল ব্যবস্থাপনা ও মনিটরিং কমিটি